# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**06 JUNE 2026** **7:45—7:55 PM**

---

(১) বিধায়ক উন্নয়ন তহবিলের অর্থ এইবছর দেড় কোটি টাকা পর্যন্ত এবং আগামী অর্থ বছর থেকে তা দুই কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি করার বিষয়ে রাজ্য সরকারের সিদ্ধান্ত/

(২) রাজ্যের দ্বিতীয় রাজধানী হিসেবে গড়ে তোলা ডিব্রুগড়ে উন্নয়ন পর্ষদ গঠনের জন্যে রাজ্য সরকারের সিদ্ধান্ত/

(৩) সি বি এস ই'র দ্বাদশ শ্রেণীর উত্তর পত্রে প্রাপ্ত নম্বর যাচাই এবং পুর্নমূল্যায়নের জন্যে আবেদন পত্র জমা দেওয়ার আগামীকাল হচ্ছে অন্তিম দিন/

এবং

(৪) চলতি শিক্ষাবর্ষ থেকে রাজ্যের বিদ্যালয়গুলিতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত আসামের ইতিহাস ও ভূগোল বাধ্যতামূলক করার জন্য এস সি ই আর টি'র সিদ্ধান্ত/

-----------------------------------------------------------------------------------------

আগামী ছয় জুলাই থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন অনুষ্ঠিত হবে । এই অধিবেশন ২১ দিন ধরে চলবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গত সন্ধ্যায় অনুষ্ঠিত ক্যাবিনেট বৈঠকের পর এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন । তিনি বলেন যে- বাজেট গৃহীত হওয়ার পর আগামী পয়লা আগস্ট থেকে রাজ্য সরকারের প্রতিটি প্রকল্প পুনরায় নিয়মিতভাবে কার্যকর করা হবে।

তিনি আরো জানান যে- রাজ্য সরকার বিধায়ক উন্নয়ন তহবিলের অর্থ এইবছরে দেড় কোটি টাকা পর্যন্ত আগামী অর্থ বছর থেকে তা বাড়িয়ে দুই কোটি টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । ডঃ শর্মা জানান যে- বিধায়ক তহবিলের নির্ধারিত দুই কোটি

টাকার মধ্যে দশ শতাংশ টাকা অন্যান্য ব্যয়ের জন্য ধরা হবে । অর্থাৎ এক কোটি ৮০ লক্ষ টাকা মূল তহবিলের জন্য ব্যবহার হবে এবং আরো কুড়ি লক্ষ টাকা অন্যান্য কাজে ব্যয় হবে । ক্যাবিনেট, রাজ্য সরকারের সকল কর্মচারী এবং পেনশনারদের মহার্ঘ ভাতা বর্তমানের ৫৮ শতাংশ থেকে বাড়িয়ে ৬০ শতাংশ করার বিষয়ে অনুমোদন জানিয়েছে ।  এই সিদ্ধান্তের ফলে আট লক্ষেরও বেশি কর্মচারী এবং পেনশনার উপকৃত হবেন ।

এদিকে ক্যাবিনেট, রাজ্যের দ্বিতীয় রাজধানী হিসেবে গড়ে তোলা ডিব্রুগড়ে উন্নয়ন পর্ষদ পঠন করার সিদ্ধান্ত নিয়েছে । এই পর্ষদের আওতায় শহরটির কুড়ি কিলোমিটার ব্যাসার্ধ পর্যন্ত উন্নয়নমূলক কাজকর্ম করা হবে । এরজন্যে ৫০০ কোটি টাকা ধার্য করা হয়েছে । এছাড়া ডিব্রুগড় বিধানসভা কেন্দ্রের বিধায়ক প্রশান্ত ফুকনকে রাজ্যের দ্বিতীয় রাজধানী অঞ্চলের উন্নয়ন কর্তৃপক্ষের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দেওয়র বিষয়ে অনুমোদন জানানো হয়েছে । শ্রী ফুকনের সঙ্গে রাজ্য সরকারে গৃহ নির্মাণ বিভাগ ও শহর পরিক্রমা বিভাগের সচিবকে উপাধ্যক্ষ হিসেবে রাখা হয়েছে ।

#বাইট# (সি এম)

---

শক্তিপীঠ কামাখ্যা ধাম পর্যন্ত প্রস্তাবিত করিডোর নির্মাণ সম্পর্কে আজ মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হয়েছেন । জেলা আয়ুক্ত, চক্র আধিকারিক, কামাখ্যা মন্দিরের দুজন কর্মকর্তা এবং স্থানীয় জনসাধারণের প্রতিনিধিদের নিয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয় । এতে কামাখ্যা ধামের উন্নয়ন এবং যাত্রীদের সুযোগ সুবিধা বৃদ্ধি সম্পর্কে আলোচনা করা হয় । শ্রী বড়ুয়া আসন্ন অম্বুবাচি মেলার প্রস্তুতি সম্পর্কেও পর্যালোচনা করা হয় । উল্লেখ্য- শক্তিপঠ কামাখ্যা দেবালয়ে আগামী ২২শে জুন থেকে অম্বুবাচি মেলা অনুষ্ঠিত হবে । দেবালয় কর্তৃপক্ষ জানিয়েছেন যে- আগামী ২২শে জুন রাত ন'টা ৮ মিনিট ৪২ সেকেন্ডে অম্বুবাচির প্রবৃত্তি হবে । প্রবৃত্তির সঙ্গে সঙ্গে কামাখ্যা মন্দিরের দুয়ার ভক্তদের জন্যে বন্ধ করে দেওয়া হবে । ২৩, ২৪ এবং ২৫ জুন কামাখ্যা মন্দিরের দুয়ার সম্পূর্ণভাবে বন্ধ থাকবে । ২৬ জুন থেকে অম্বুবাচির নিবৃত্তির পর মন্দিরের দুয়ার ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হবে । প্রতিবছরের মতো এইবারও অম্বুবাচির সময়ে নীলাচলে দেশ-বিদেশের ভক্তদের সমাগম হবে বলে দেবালয় কর্তৃপক্ষ আশা প্রকাশ করেছেন ।

---

স্বাধীন আসামের প্রথম মূখ্যমন্ত্রী ,স্বাধীনতা সংগ্রামী ,লেখক লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর আজ জন্মদিন । ১৮৯০ সালে আজকের দিনে নগাঁওয়ের রহাতে তিনি জন্মগ্রহণ করেন । শিক্ষা জীবনের শেষে তিনি ভারতীয় জাতীয় কংগ্রেসের সঙ্গে জড়িত হয়ে মহাত্মা গান্ধীর অহিংস আন্দোলনে যোগদান করেছিলেন । আসামের প্রতি তাঁর গভীর ভালোবাসা এবং উল্লেখযোগ্য অবদানের জন্য তদানীন্তন আসামের রাজ্যপাল জয়রাম দাস দৌলতরাম তাঁকে লোকপ্রিয় উপাধিতে ভূষিত করেন । ১৯৯৯ সালে তাঁকে মরণোত্তরভাবে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান ভারত রত্নে সম্মানিত করা হয় ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর জন্মদিনে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন । এক বার্তায় মূখ্যমন্ত্রী বলেন যে আসামের ভৌগলিক অখন্ডতা ও জাতীয় স্বার্থ সুরক্ষিত করে ভারত রত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আসামবাসীকে চিরকাল রক্ষাকবচ প্রদান করে গেছেন ।
কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গোপীনাথ বরদলৈর জন্মদিনে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন । আসামের স্বার্থ ,সংস্কৃতি ও জনসাধারণের অধিকার সুরক্ষিত করার জন্য গোপীনাথ বরদলৈ সারাজীবন সংগ্রাম করেছিলেন বলে উল্লেখ করে শ্রী সনোয়াল তাঁর দেশপ্রেম , দূরদর্শী নেতৃত্ব ও জনসেবার আদর্শ রাজ্যবাসীকে সর্বদা অনুপ্রাণিত করবে বলে মত প্রকাশ করেন ।

-----------------------------------------------------------------------------------

সি বি এস ই দ্বাদশ শ্রেনীর উত্তর পত্রে প্রাপ্ত নম্বর পরীক্ষা ও পুনর মূল্যায়নের জন্য আবেদন পত্র জমা দেবার শেষ দিন আগামীকাল পর্যন্ত ধার্য করেছে । সামাজিক মাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ বলেছে যে শিক্ষার্থীরা আগামীকাল মধ্যরাত পর্যন্ত আবেদন পত্র দাখিল করতে পারবে । শিক্ষার্থীদের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে সি বি এস সি কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে জানিয়েছে । এরপূর্বে আবেদনপত্র দাখিলের শেষ দিন ৬ জুন বলে ঘোষনা করা হয়েছিলো ।

-----------------------------------------------------------------------------------

চলতি ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে রাজ্যের বিদ্যালয়গুলিতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত আসামের ইতিহাস ও ভূগোল বাধ্যতামূলক করা হবে । এ সম্পর্কে বিদ্যালয়সমূহের পরিদর্শক ,জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক ,জেলা মিশন সমন্বয়ক এবং শিক্ষক শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষদের রাজ্য শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পর্ষদ এস সি ই আর টির পক্ষ থেকে নির্দেশ জারি করা হয়েছে । এরসঙ্গে পাঠ্যপুস্তক ,শ্রেণীকক্ষে পাঠদান মূল্যায়ন সম্পর্কীত নির্দেশনাও রয়েছে । এস সি ই আর টির সঞ্চালকের জারি করা নির্দেশনা অনুসারে দুটি বিষয়ের পাঠদান চলতি জুন মাস থেকেই হবে । এস সি ই আর টি

ইতিমধ্যে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত আসামের ইতিহাস ও আসামের ভূগোল শীর্ষক পাঠপুস্তকগুলি পৃথক পৃথকভাবে প্রণয়ন করে বের করেছে । মূলতঃ আসামের সমৃদ্ধ ইতিহাস ও ভৌগলিক বৈচিত্রের বিষয়ে শিক্ষার্থীদের জ্ঞান অর্জনের জন্য এই ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে আজ শ্রীভূমি শহরে এক বিশেষ সংবর্ধনা সভার আয়োজন করা হয় । জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের পৌরহিত্যে অনুষ্ঠানে উত্তর-করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের নবনির্বাচিত বিধায়ক জাকারিয়া আহমেদ এবং দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের নবনির্বাচিত বিধায়ক আমিনুর রশিদ চৌধুরীকে সংবর্ধনা জানানো হয় । অনুষ্ঠানে করিমগঞ্জ জেলা কংগ্রেস , শহর ব্লক কংগ্রেস সহ দলের বিভিন্ন স্তরের নেতা-কর্মী ও পদাধিকারীরা উপস্থিত থেকে দুই বিধায়ককে অভিনন্দন জানান ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি এলাকার নালুগাঁওয়ে সম্প্রতি দুই নাবালকের উপর সংঘটিত হামলার ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে পুলিশ এপর্যন্ত মোট চারজনকে গ্রেপ্তার করেছে । উল্লেখ্য- গত পয়লা জুন একটি গরু হারিয়ে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে পাথারকান্দি এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে । তবে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে বলে আমাদের শ্রীভূমি সংবাদদাতা জানিয়েছেন । এদিকে ওই এলাকার পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রাখতে প্রশাসন সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করেছে এবং আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলে পুলিশ সূত্রে জানা গেছে ।

---

দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপনের অঙ্গ হিসেবে শিলচরে যোগ বিষয়ক জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । আয়ুষ মন্ত্রণালয় স্বীকৃত যোগ সার্টিফিকেশন বোর্ড এবং ইন্ডিয়ান যোগ এসোসিয়েশন অনুমোদিত যোগ শিক্ষা প্রতিষ্ঠান নিরাময় স্কুল অফ যোগ এডুকেশন , আসাম ও গুরুচরণ বিশ্ববিদ্যালয় শিলচর যৌথভাবে এই কর্মশালার আয়োজন করে ।গত বুধবার থেকে শুরু হওয়া এই কর্মশালার আজ সমাপ্তি হয়েছে । কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের এবং অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানকে স্মারক ও শংসাপত্র প্রদান করা হয় ।

---

এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহাবিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিভাগ ,ইকো ক্লাব এবং আই কিউ এসির যৌথ উদ্যোগে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে গতকাল এক সচেতনতামূলক কার্যসূচীর আয়োজন করা হয় । শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সংরক্ষণ ,উন্নয়ন এবং প্রাকৃতিক সম্পদ রক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা ছিলো এই কার্যসূচীর মূল উদ্দেশ্য । অনলাইন প্রবন্ধ রচনা প্রতিযোগীতা ,ক্যুইজ প্রতিযোগীতা এবং মহাবিদ্যালয়ের প্রাঙ্গণে পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ এই কার্যসূচীর অর্ন্তভুক্ত ছিলো ।

---------------------------------------------------------------------------------